

জাতীয়

গ্যাস সংকটে নাজেহাল দেশ, এর মধ্যে আরেকটি দুঃসংবাদ

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



দেশের একটি ভাসমান এলএনজি টার্মিনাল বা এফএসআরইউতে কারিগরি ত্রুটি দেখা দেওয়ায় জাতীয় গ্রিডে দৈনিক প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ কমে গেছে। এর প্রভাব পড়েছে শিল্পকারখানা, বিদ্যুৎকেন্দ্র, সিএনজি স্টেশন ও অন্যান্য গ্রাহকের ওপর।

মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষে সাপ্তাহিক ব্রিফিংয়ে তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান জানান, ত্রুটিপূর্ণ টার্মিনাল থেকে গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ রয়েছে। কয়েকটি এলাকায় গ্যাসের চাপ কমে যাওয়ায় সিএনজি স্টেশনে দীর্ঘ সারি ও জনদুর্ভোগ তৈরি হয়েছে। কারিগরি বিশেষজ্ঞরা সমস্যা সমাধানে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করছেন।

নতুন আরেকটি সিটি করপোরেশন হচ্ছে কোন জেলায়? নতুন আরেকটি সিটি করপোরেশন হচ্ছে কোন জেলায়?

তিনি জানান, তাৎক্ষণিক সংকটের কারণে এফএসআরইউর ত্রুটি হলেও আমদানিকৃত এলএনজির ওপর বাড়তি নির্ভরতা পরিস্থিতির প্রভাব বাড়িয়েছে। আমদানি অবকাঠামোর কোনও একটি অংশে সমস্যা হলেই পুরো সরবরাহ ব্যবস্থা চাপে পড়ে।

কমাতে পর্যায়ক্রমে ১০০টি কূপ খননের পরিকল্পনা নেওয়া হয়েছে। একনেকে বেগমগঞ্জ ও সুনামগঞ্জ এলাকায় ৭২৯ কোটি টাকা ব্যয়ে তিনটি কূপ খননের প্রকল্প অনুমোদিত হয়েছে। স্থল ও সমুদ্রে অনশোর ও অফশোর মডেল পিএসসির আওতায় দরপত্র আহান এবং দেশি-বিদেশি বিনিয়োগ আনার কার্যক্রমও চলছে।


গ্যাস সরবরাহ কবে নাগাদ ঠিক হবে জানালেন জ্বালানি প্রতিমন্ত্রীগ্যাস সরবরাহ কবে নাগাদ ঠিক হবে জানালেন জ্বালানি প্রতিমন্ত্রী

সরকার চতুর্থ এফএসআরইউ স্থাপনের দরপত্র, মালয়েশিয়া থেকে আইএসও ট্যাংকে এলএনজি আমদানির সম্ভাব্যতা যাচাই, ভোলার গ্যাস মূল ভূখণ্ডে আনার বিকল্প, নতুন কূপ খনন ও পুরোনো কূপের ওয়ার্কওভার এবং জ্বালানি আমদানির উৎস বহুমুখীকরণের উদ্যোগ নিয়েছে।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেগির চালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কনটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিকা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/gjas-sngkte-najehal-desh-er-mdhje-arekti-dusngbad>